অবিলম্বে প্রকাশের জন্য: 12/30/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল তেরজন ব্যক্তিকে ক্ষমা করে দিয়েছেন

ধারাবাহিকভাবে ক্ষমা করতে থাকার প্রতিশ্রুতি পূরণ করে চলেছেন

ক্ষমা করে দেওয়ার প্রক্রিয়া সংস্কারের জন্য গভর্নরের চেষ্টাকে অগ্রসর করে, যার মধ্যে আছে নিরপেক্ষ বিশেষজ্ঞদের নিয়ে একটি অ্যাডভাইজরি প্যানেল সমবেত করা, নিবেদিত অতিরিক্ত কর্মী রিসোর্স এবং আবেদনকারীদের সাথে যোগাযোগ বাড়ানো

দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর হোকল মোট 120টি ক্ষমা করার ঘোষণা করেছেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে 11 ব্যক্তির শাস্তি মওকুফ করা এবং দুই ব্যক্তির শাস্তি কম করার মাধ্যমে তাদেরকে ক্ষমা করে দিয়েছেন। এই পদক্ষেপটি সেই ব্যক্তিদের স্বীকৃতি দেয় যারা অনুশোচনা দেখিয়েছেন, পুনর্বাসনের ক্ষেত্রে উদাহরণ হয়েছেন এবং নিজেদের ও নিজেদের কমিউনিটির উন্নয়নে প্রতিশ্রুতি দেখিয়েছেন। ক্ষমা করার প্রক্রিয়াকে জোরদার করতে প্রক্রিয়াগত সংশোধন বাস্তবায়ন করার পর, গভর্নর Hochul (হোকল) দায়িত্ব পালনের সময়কালে মোট 120 বার ক্ষমা করেছেন।

"অনেক চিন্তাভাবনা এবং স্বাধীন বিশেষজ্ঞদের একটি প্যানেলের বিশ্লেষণের পর আমি 13 ব্যক্তিকে ক্ষমা করে দিচ্ছি যারা অনুশোচনা, পুনর্বাসন এবং নিজেদের ও নিজেদের কমিউনিটির উন্নয়ন দেখাতে পেরেছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দায়িত্ব গ্রহণের পর থেকে আমার অ্যাডমিনিস্ট্রেশন নিউ ইয়র্কের (New York) ক্ষমা করার প্রোগ্রামে উল্লেখযোগ্য পরিবর্তন এনেছে যাতে প্রক্রিয়াকে আরো কার্যকর, ন্যায্য, এবং স্বচ্ছ করা যায়, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী, ভিকটিমের অধিকারের গ্রুপ, প্রসিকিউটর এবং সংশোধনের অ্যাডভোকেটদের সাথে কাজ করে যেতে আমি প্রতিশ্রুতিবদ্ধ আছি যাতে নিউ ইয়র্কে রিলিফ সন্ধানী সকল ব্যক্তির জন্য একটি ন্যায্য ও দায়িত্বশীল ক্ষমার প্রক্রিয়াকে নিশ্চিত করা যায়।"

গভর্নরের অফিস ক্ষমার প্রক্রিয়ার স্বচ্ছতা ও যোগাযোগের উন্নতির জন্য বেশ কয়েকটি পদক্ষেপ নিয়েছে। এক্সিকিউটিভ ক্লেমেন্সি ব্যুরো (Executive Clemency Bureau) একটি নতুন পলিসি বাস্তবায়ন করেছে যেখানে ক্ষমার আবেদন করা ব্যক্তিদের নিয়মিত চিঠি পাঠানো হবে, তাদেরকে তাদের কেসের অবস্থা সম্পর্কে জানানো হবে, এবং কীভাবে তাদের আবেদনের সমর্থনে সহায়ক তথ্য জমা দেওয়া যায় সে সম্পর্কে তথ্য দেওয়া হবে। গভর্নরের অফিস এছাড়াও আবেদনের প্রক্রিয়ার ক্ষেত্রে আবেদনকারীদের সাহায্য করার জন্য একটি আপডেট করা অনলাইন ওয়েব হাব চালু করেছে; এই হাবটিতে টেম্পলেট করা ক্ষমার আবেদনের ফর্ম থাকবে

যাতে সম্ভাব্য আবেদনকারীদেরকে তাদের আবেদন করার সময় কী তথ্য অন্তর্ভুক্ত করতে হবে সে সম্পর্কে উন্নত নির্দেশিকা প্রদান করা যায়।

গভর্নর এছাড়াও ক্ষমার আবেদনের ব্যাপারে গভর্নরকে পরামর্শ দিতে সাহায্য করার জন্য নিরপেক্ষ বিশেষজ্ঞদের নিয়ে গঠিত একটি ক্লেমেন্সি অ্যাডভাইজরি প্যানেল (Clemency Advisory Panel) সমবেত করেন। ক্লেমেন্সি অ্যাডভাইজরি প্যানেলের সুপারিশ অনুযায়ী, গভর্নর Hochul (হোকল) 13 ব্যক্তির শাস্তি মওকুফ করে দিচ্ছেন।

ক্ষমা
আজকে যে ব্যক্তিদের ক্ষমা করা হয়েছে তারা সকলেই একটি উল্লেখযোগ্য সময় ধরে অপরাধমুক্ত জীবনযাপন করেছেন, বেশির ভাগ ক্ষেত্রে তা 25 বছরের বেশি, এবং নিজেদের কমিউনিটিতে ভালো অবদান রেখে দেখিয়েছেন। আজকে ক্ষমা পাওয়া অনেকেই নিউ ইয়র্ক স্টেটে বাস করার সময় কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন, কিন্তু এরপর তারা অন্যান্য স্টেটে চলে গেছেন। ক্ষমা পাওয়া সকলেই তাদের অপরাধী হিসেবে দোষী সাব্যস্ত হওয়ার কারণে মন্দভাবে প্রভাবিত হচ্ছেন যদিও তারা অনেক বছর আগে সফলভাবে তাদের শাস্তি পূরণ করেছেন। গভর্নরের ক্ষমা এই চাপ কমিয়ে আনতে সাহায্য করবে।

Peter Asan (পিটার অ্যাসান), 60, 1989 সালে ডাকাতির চেষ্টায় ফার্স্ট ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Rolando Perdomo (রোলান্ডো পারডোমো), 67, 1988 সালে হামলা এবং 1985 সালে নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলক ভাবে সাথে রাখার জন্য সেকেন্ড ডিগ্রিতে এবং নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলক ভাবে সাথে রাখার জন্য সেভেন্থ ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Vivian Jackson (ভিভিয়ান জ্যাকসন), 67, 1992 এবং 1999 সালের মধ্যে নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক বিক্রির চেষ্টায় থার্ড ডিগ্রিতে (4 বার), নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলক ভাবে সাথে রাখার জন্য সেভেন্থ ডিগ্রিতে (5 বার), অপরাধমূলক দুষ্টুমির জন্য থার্ড ডিগ্রিতে, এবং অপরাধমূলক ভাবে অনুপ্রবেশের জন্য থার্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Dolly Castrillon (ডলি ক্যাস্ট্রিয়ন), 45, 1996 সালে নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক বিক্রির চেষ্টায় থার্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Jawid Naim (জাউইদ নাঈম), 48, 1995 সালে ডাকাতির জন্য সেকেন্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Michael Elias (মাইকেল ইলিয়াস), 54, 1988 সালে নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলক ভাবে সাথে রাখার জন্য ফোর্থ ডিগ্রিতে এবং অপরাধমূলক ভাবে অস্ত্র রাখার জন্য থার্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Sixto Carrasquillo Jr. (সিক্সটো ক্যারাসকুইয়ো জুনিয়র), 56, 1988 সালে অপরাধমূলক ভাবে অস্ত্র রাখার জন্য থার্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Edwin Buxo (এডউইন বুকসো), 57, 1997 সালে নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলক ভাবে সাথে রাখার চেষ্টায় থার্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Denise De Simone Fierro (ডেনিস ডে সিমোন ফিয়েরো), 60, 1987 সালে নিয়ন্ত্রিত মাদকের অপরাধমূলক বিক্রির দুইটি কাউন্টে ফিফথ ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Dr. Eduardo Rocha (ডাঃ এডুয়ার্ডো রোকা), 57, 1986 সালে নিয়ন্ত্রিত মাদক অপরাধমূলক ভাবে সাথে রাখার জন্য সেকেন্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

Ruben Lindo (রুবেন লিন্ডো), 40, 2012 এবং 2007 সালে গ্র্যান্ড লার্সেনির জন্য ফোর্থ ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন।

শাস্তি কম করা

Terrance Cole (টেরেন্স কোল), 59, 2014 সালে চুরির চারটি কাউন্টে সেকেন্ড ডিগ্রিতে দোষী সাব্যস্ত হন। মি. Cole (কোল) একজন ইউনাইটেড স্টেটস (United States, U.S.) এয়ার ফোর্সের (Air Force) ভেটেরান যিনি চার বছর মিলিটারিতে দায়িত্ব পালন করেছেন। সম্মানজনক ডিসচার্জ পাওয়ার কয়েক বছর পর মি. Cole (কোল) হেরোইনের আসক্তিতে ভুগতে শুরু করেন। মাদক ব্যবহার রোগ থেকে সেরে উঠতে না পারার কারণে তিনি অপরাধ করেন। বার বার অপরাধ করার কারণে তাকে 20 বছর থেকে আজীবন কারাদণ্ড দেওয়া হয়। তিনি এখন 11.5 বছরের বেশি সময় ধরে কারাগারে শাস্তি পেয়েছেন। বন্দি অবস্থায় তিনি শিক্ষা অর্জন করেছেন এবং তার অ্যাসোসিয়েটস ডিগ্রি অর্জন করেছেন। মূল শাস্তির অধীনে, মি. Cole (কোল) 2034 সালের আগে প্যারোল বোর্ডের (Board of Parole) দেখা পাবেন না, তখন তার বয়স হবে প্রায় 70 বছর। তার শাস্তি কম করে দেওয়া হচ্ছে যাতে তাকে প্যারোল বোর্ডের সামনে আরো আগে যাওয়ার অনুমতি দেওয়া হয় যাতে করে বোর্ড সিদ্ধান্ত নিতে পারে যে তিনি প্যারোলের জন্য উপযুক্ত কিনা।

Raphael Jackson (রাফায়েল জ্যাকসন), 53, অপরাধমূলক ভাবে অস্ত্র রাখার দুইটি কাউন্টে সেকেন্ড ডিগ্রিতে তাকে দোষী সাব্যস্ত করা হয়। বার বার অপরাধ করার কারণে তাকে 16 বছর থেকে আজীবন কারাদণ্ড দেওয়া হয়। কম বয়সে মি. Jackson (জ্যাকসন) গৃহ নির্যাতনের শিকার হন এবং মাদক ব্যবহারের সুযোগ পান। তিনি 16 বছর বয়সে ক্র্যাক কোকেইনে আসক্ত হয়ে যান, এবং এর ফলে তিনি একাধিক অপরাধ করেন। তিনি কোনো শৃঙ্খলা ভঙ্গ না করে 10 বছরের বেশি সময় ধরে কারাগারে আছেন। বন্দি অবস্থায় তিনি তার খ্রিস্টান ধর্মের ব্যাপারে মনোযোগ দেন, একজন চ্যাপ্লিন ক্লার্ক হিসেবে অন্যান্য বন্দিদের সাহায্য করেন। তিনি এছাড়াও আইনের ব্যাপারে আগ্রহী হয়েছেন এবং একজন প্যারা লিগ্যাল সহকারী এবং এরপর একজন আইন লাইব্রেরির ক্লার্ক হিসেবে কাজ করেছেন, তার কারাগারে থাকার বেশির ভাগ সময়ে তিনি অন্য বন্দি ব্যক্তিদের আইনি সাহায্য করেছেন। মূল শাস্তির অধীনে, মি. Jackson (জ্যাকসন) 2031 সালের আগে প্যারোল বোর্ডের দেখা পাবেন না, তখন তার বয়স হবে প্রায় 60 বছর। তার শাস্তি কম করে দেওয়া হচ্ছে যাতে তাকে প্যারোল বোর্ডের সামনে আরো

আগে যাওয়ার অনুমতি দেওয়া হয় যাতে করে বোর্ড সিদ্ধান্ত নিতে পারে যে তিনি প্যারোলের জন্য উপযুক্ত কিনা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন